# সেক্সুয়াল ভায়োলেন্স সম্পর্কে রিপোর্ট করা

## আপনার পছন্দ, আপনার কণ্ঠ

সেক্সুয়াল ভায়োলেন্স ভীতিজনক, এবং এটি একটি অপরাধ। আপনার সাথে কোনো ধরনের যৌন সহিংসতা ঘটলে আপনি হয়ত পুলিশে রিপোর্ট করতে বা কাউকে বলতে চাইবেন না। আপনি অনুভব করতে পারেন যে কেউ সাহায্য করতে পারবে না, বা কেউ আপনাকে বিশ্বাস করবে না। আপনি যদি অস্থায়ী ভিসায় অস্ট্রেলিয়ায় নতুন এসে থাকেন, বা আপনার আশে পাশে কোন নিরাপদ মানুষ না থাকে তাহলে আপনি হয়তো রিপোর্ট করতে জানবেনও না বা আপনি রিপোর্ট করতে ভয় পেতে পারেন।

ভয় পাওয়া এবং চিন্তিত হওয়া স্বাভাবিক, তবে আপনি একা নন। এমন লোক রয়েছে যারা সাহায্য করতে চায় এবং একটি প্রতিবেদন তৈরি করে আপনাকে এই সহায়তার সাথে সংযুক্ত করতে পারে।

একটি প্রতিবেদন তৈরি করা এমন একটি পছন্দ যা আপনি করতে পারেন। রিপোর্টিং প্রক্রিয়া আপনাকে আপনার নিজের ভাষায় কী ঘটেছে তা বলার ক্ষমতা দেয় এবং সেক্সুয়াল ভায়োলেন্স যাতে অন্যদের সাথে না ঘটে তা নিশ্চিত করতে সহায়তা করে।

## আমি কেন রিপোর্ট করব?

কিছু লোক তাদের সাথে যা ঘটেছে তা পুলিশকে জানাতে এবং আইনি ব্যবস্থার মাধ্যমে ন্যায়বিচার চাইতে অনেক স্বস্তি খুঁজে পায়। অন্য লোকেরা নিশ্চিত করতে চায় যে ব্যক্তি তাদের ক্ষতি করেছে তার জন্য শাস্তি রয়েছে।

আপনি একজন প্রাপ্তবয়স্ক হয়ে যদি জানতে পারেন কোনও শিশুকে সেক্সুয়াল এবিউজের শিকার হচ্ছে, আপনার প্রতিবেদনটি তাদের সহায়তা পাওয়ার একমাত্র সুযোগ হতে পারে।

যদি আপনি জানেন যে কে আপনার সাথে সহিংস আচরণ করেছে তাহলে সেক্সুয়াল ভায়োলেন্স সম্পর্কে রিপোর্ট করা মানে আপনাকে আরও ক্ষতি থেকে রক্ষা করার জন্য একটি প্রক্রিয়া স্থাপন করতে পারা। উদাহরণস্বরূপ, যে ব্যক্তি আপনার ক্ষতি করেছে তাকে আপনার সাথে যোগাযোগ করা এবং আপনার কাছাকাছি থাকা থেকে বিরত রাখতে পুলিশ আপনার পক্ষ থেকে একটি **Apprehended Violence Order (AVO)** জারি করতে পারে।

**আপনার প্রতিবেদন তৈরি করতে আপনি বেনামে থাকতে পারেন।**

**আপনি চাইলে যেকোনো সময় বাদ দিতে পারেন।**

**আপনি চান না এমন কোনও তথ্য আপনাকে দিতে হবে না।**

## আমি কীভাবে একটি প্রতিবেদন তৈরি করব?

**আপনি যদি হঠাৎ বিপদে পড়েন তবে জরুরি পরিষেবাগুলিতে 000 নম্বরে কল করুন।**

### 1. আপনি চাইলে সাহায্য নিতে পারেন

আপনি কোনও প্রতিবেদন করার আগে, আপনার সাথে কী ঘটেছে সে সম্পর্কে আপনি কারও সাথে কথা বলতে চাইতে পারেন। আপনার যদি কোনও বিশ্বস্ত বন্ধু বা পরিবারের সদস্য থাকে তবে আপনি তাদেরকে আপনার কথা শুনতে অনুরোধ করতে পারেন। আপনি **NSW সেক্সুয়াল ভায়োলেন্স হেল্পলাইনের মতো বিশেষজ্ঞের কাছ থেকেও পরামর্শ পেতে পারেন (1800 424 017 কল করুন)।**

### 2. আপনার তথ্য প্রস্তুত করুন

নিপীড়ন সম্পর্কে যতটা সম্ভব তথ্য প্রস্তুত করুন, যেমন তারিখ, সময়, অবস্থান এবং যে ব্যক্তি আপনাকে ক্ষতি করেছে তার সম্পর্কে আপনার কাছে থাকা কোনও তথ্য। এই ব্যক্তিটি অপরিচিত হতে পারে বা এটি আপনার পরিচিত কেউ হতে পারে এবং এমনকি আপনার স্বামী, স্ত্রী বা পিতামাতাও।

আপনার যে কোনও আঘাত এবং নিপীড়ন সম্পর্কিত অন্য কোনও তথ্য নথিভুক্ত করুন।

### 3. পুলিশকে সেক্সুয়াল ভায়োলেন্সের ঘটনা অবহিত করুন

সেক্সুয়াল অ্যাসাল্ট বিষয়ে অভিযোগ জানানোর জন্য কোনও সময়সীমা নেই। এমনকি যদি অতীতে সেক্সুয়াল ভায়োলেন্স ঘটে থাকে তবে আপনি এখনও অভিযোগ করতে পারেন।

আপনি থানায় সেক্সুয়াল ভায়োলেন্সের ব্যপারে অভিযোগ করতে পারেন। এখানে অনুসন্ধান করুন আপনার স্থানীয় পুলিশ স্টেশন খুঁজতে। একবার রিপোর্ট করার পরে, আপনি পুলিশকে তদন্ত শুরু করার জন্যও অনুরোধ করতে পারেন।

আপনি যদি পুলিশকে জানাতে চান কিন্তু আপনি অন্য কারো সাথে কথা বলতে না চান তাহলে আপনি সেক্সুয়াল অ্যাসাল্ট রিপোর্টিং অপশন এর মাধ্যমে আপনার সাথে কী ঘটেছে তা পুলিশকে জানাতে পারেন। এটি কোন অফিসিয়াল রিপোর্ট নয় এবং এর তদন্ত করা নাও হতে পারে তবে এটি কী ঘটেছে তার একটি রেকর্ড তৈরি করে এবং পুলিশকে সেক্সুয়াল ভায়োলেন্সের তথ্য দেবার মাধ্যমে পুলিশি কাজে সাহায্য করতে পারে।

পুলিশের কাছে অফিসিয়াল রিপোর্ট করা বা পুলিশের সাথে কথা বলা এমন কিছু নয় যা আপনাকে করতেই হবে। এটা সম্পূর্ণ আপনার পছন্দ। অ্যাবিউজের বিষয়টি অবহিত করবেন কিনা তা আপনার সিদ্ধান্ত এবং শুধুমাত্র আপনিই সিদ্ধান্ত নিতে পারেন যে আপনার জন্য কোনটি করা উত্তম। আপনাকে আইনি প্রক্রিয়ার সব ধাপ অতিক্রম করে যেতে হবে না এবং আপনি যেকোনো পর্যায়ে এই প্রক্রিয়া থেকে নিজেকে প্রত্যাহার করে নিতে পারেন।



### 4. প্রয়োজনে দোভাষী এবং/অথবা অনুবাদক ব্যবহার করুন

আপনি যদি দোভাষী চান তবে আপনার একজন দোভাষী পাবার অধিকার রয়েছে। পুলিশ আপনাকে দোভাষী দেবার জন্য একটি বিনামূল্যে দোভাষী পরিষেবার ব্যবস্থা করতে পারে। **অনুবাদ ও দোভাষী পরিষেবা (টিআইএস ন্যাশনাল) 131 450** নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

### 5. আপনি স্বাচ্ছন্দ্য বোধ করেন এমন কোনও পুলিশ অফিসারের সাথে কথা বলার অনুরোধ করুন

থানায় রিপোর্ট করার সময়, আপনি একজন পুরুষ বা মহিলা পুলিশ অফিসারের সাথে কথা বলতে চাইতে পারেন। অনেক থানায় বহুসংস্কৃতির লিয়াজোন অফিসার (যিনি আপনার ভাষা এবং সম্প্রদায় বোঝেন) এবং/অথবা গে (Gay) এবং লেসবিয়ান (LGBTIQA+) লিয়াজো অফিসার আছেন যাদের সাথে কথা বলার জন্য আপনি অনুরোধ করতে পারেন। আপনি যে পুলিশ অফিসারের সাথে স্বাচ্ছন্দ্য বোধ করেন সে রকম কাউকে আপনার সাথে দেবার জন্য পুলিশ যথাসাধ্য চেষ্টা করবে।

### 6. একটি শিশুর সেক্সুয়াল এবিউজের বিষয়টি অবহিত করুন

আপনি যদি জানেন যে একটি শিশু সেক্সুয়াল এবিউজের শিকার হচ্ছে তাহলে আপনার উচিত হবে পুলিশের সাথে যোগাযোগ করা, তবে এছাড়াও **132 111** নম্বরে NSW শিশু সুরক্ষা পরিষেবাগুলিতে রিপোর্ট করা উচিত।

## অন্য দেশে সেক্সুয়াল ভায়োলেন্সের ঘটনা ঘটলে কী হবে?

আপনি যদি অন্য কোনো দেশে সেক্সুয়াল ভায়োলেন্সের সম্মুখীন হন এবং আপনি এখন অস্ট্রেলিয়ায় থাকেন, তাহলে আপনার সাথে কী ঘটেছে সে সম্পর্কে কথা বলতে এবং কী করা যেতে পারে সে সম্পর্কে পরামর্শ পেতে এখানে স্থানীয় পুলিশের সাথে যোগাযোগ করুন। যদি সম্ভব হয় তবে সেক্সুয়াল ভায়োলেন্সের ঘটনা যে দেশে ঘটেছে সে দেশের পুলিশকেও এটি জানানো উচিত।

We Are Survivors

সাহায্যের জন্য বা কিভাবে সেক্সুয়াল ভায়োলেন্স সম্পর্কে রিপোর্ট করতে হয় তা জানতে, **wearesurvivors.online** এ যান